## নভেম্বর/ ২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা'র মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোঃ নাজির হোসেন
প্রশাসক
উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

তারিখ ঃ ২৫ নভেম্বর ২০২৪ খ্রিঃ।

সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-ক)।

অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-খ)।

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হলে কোন প্রকার সংশোধনী /সংযোজনী না থাকায় সর্বসম্মতভাবে তা দৃঢ়ীকরণ করা হয়। এরপর আলোচনার মাধ্যমে ধারাবাহিকভাবে সভা পরিচালনা করা হয়।

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান, সুন্দরগঞ্জ উপজেলায় প্রচুর সংখ্যক পোল্ট্রি ও ডেইরী খামার বিদ্যমান রয়েছে। কিন্তু উপযুক্ত আধুনিক প্রশিক্ষনের অভাবে খামারিগণ লাভবান হচ্ছে না এবং প্রচুর বেকার সমস্যা রয়েছে। এসব বেকারদের নতুন কর্মসংস্থান সৃজনের লক্ষে প্রাণি সম্পদ বিষয়ে ব্যাপক ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া অতীব প্রয়োজন। প্রশিক্ষণ প্রদানের জন্য উপজেলা প্রাণি সম্পদ দপ্তরে একটি টিনসেড ইটের ওয়াল বিশিষ্ট প্রশিক্ষণ কক্ষ নির্মাণ করা প্রয়োজন। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া প্রাণি সম্পদ অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিভিন্ন এলাকায় পশুর রোগ ব্যাধীর বিষয়ে বিশেষ দৃষ্টি রাখা হয়েছে। | প্রশিক্ষণ জন্য টিনসেড কক্ষ নির্মানের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ<br>২। উপজেলা প্রকৌশলী |
| ২. | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা, সুন্দরগঞ্জ জানান, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।তিনি সভাকে জানান, গত ১৩ অক্টোবর হতে আগামী ০৩ নভেম্বর/২৪ পর্যন্ত ইলিশ প্রজনন সময়। জেলেদেরকে যথাসময়ে এই চাউল বিতরণ করা হয়েছে। এছাড়া তার অফিসের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি তার অফিসের কার্যক্রম পরিচালনা জন্য সহযোগিতা কামনা করেন। | সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। জাটকা ইলিশ মাছ যাতে আহরন করতে না পারে সে বিষয়ে অভিযান চলমান রাখতে হবে। | উপজেলা মৎস্য অফিসার |
| ৩. | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভাকে বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে আমন মৌসুম চলছে। কৃষকদের আমন ধান চাষের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। যেকোন ধরনের দুর্যোগ মোকাবেলার জন্য উপজেলা কৃষি অফিস প্রস্তুত রয়েছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন | সহযোগিতা ও সেবার ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিষদ, কৃষি বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হাসপাতালের কার্যক্রম স্বাভাবিক রাখতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | জনসাধারণের চিকিৎসা সেবা নিশ্চিতের জন্য জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (অতিঃ দাঃ), সভায় জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। স্কুল কলেজের কার্যক্রম যথাযতভাবে মনিটরিং করা হচ্ছে যাতে শিক্ষা কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হয়। | শিক্ষা প্রতিষ্ঠানে যাতে দ্বন্দ্ব বা অনাকাঙ্খিত পরিস্থিতি তৈরী না হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| ৭. | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ অফিসের আওতায় বিভিন্ন ধরনের ট্রেনিং কার্যক্রম চলমান রয়েছে। যা সঠিকভাবে পরিচালিত হচ্ছে। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ৮. | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ও |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম যথাযতভাবে পরিচালিত হচ্ছে। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১০. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান, উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের কার্যক্রম মনিটরিং করা হচ্ছে। কোথাও কোন সমস্যা হলে তা তাৎক্ষনিক সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়। | উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ কর্তৃক বিদ্যালয়ের সকল কার্যক্রম মনিটরিং করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১১. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান উপজেলায় বিভিন্ন ভাতাভোগীর লাইভ ভ্যারিফিকেশন এর কাজ চলমান আছে । এখন পর্যন্ত প্রায় ৩৫০০ উপকারভোগীর লাইভ ভ্যারিফিকেশন বাকী রয়েছে। ভ্যারিফিকেশনের কাজ চলমান রয়েছে। | লাইভ ভ্যারিফিকেশনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার , ইউপি চেয়ারম্যানগণ ও সংশ্লিস্ট সকল |
| ১২. | সামাজিক বন বিভাগ | ফরেস্টার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | ইউপি চেয়ারম্যান, ফরেস্টার সামাজিক বন বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ১৩. | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন অফিস ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। যেকোন প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস সদা প্রস্তুত রয়েছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৫. | পল্লী বিদ্যুৎ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সুন্দরগঞ্জ জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | ডিজিএম পল্লী বিদ্যুৎ ও সংশ্লিষ্ট সকল |
| ১৬. | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি যথাসময়ে মাতৃকালীন ভাতার জন্য বরাদ্দকৃত নামগুলো যথাসময়ে অফিসে জমা প্রদানের জন্য অনুরোধ করেন। | সকল ইউপি চেয়ারম্যান প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৭. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভাকে জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে এ বছর ১৮০টি নলকুপ বরাদ্দ পাওয়া গিয়েছে। ঠিকাদার কর্তৃক সরবরাহ সাপেক্ষে প্রতিটি ইউনিয়নে ১২টি করে নলকুপ সরবরাহ করা যাবে।তালিকা পাওয়া গেলে নলকুপ বিতরণ করা যাবে। | জরুরী ভিত্তিতে তালিকা সংগ্রহ করে নলকুপ বিতরণ এবং স্থাপন করা হবে। | উপসহকারী প্রকৌশল (জনস্বাস্থ্য) ও সংশ্লিষ্ট সকল |
| ১৮. | সহকারী প্রোগ্রামার (আইসিটি) | সহকারী প্রোগ্রামার (আইসিটি) জানান, উপজেলার সকল অফিস/দপ্তর ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) করার জন্য বার বার অনুরোধ করা হলেও এখন পর্যন্ত অনেকে আপডেট করছেন না। ইউনিয়ন পরিষদ সচিব ও উদ্যোক্তাদের গতিশীল করতে হবে। প্রতিটি অফিস এবং ইউনিয়ন পরিষদকে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাংগানোর পর প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয়। | উপজেলার সকল অফিস ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) নিশ্চিত করতে হবে। প্রতিটি অফিস এবং ইউনিয়ন পরিষদকে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাংগানো নিশ্চিত করে জরুরীভাবে প্রতিবেদন দাখিল করতে হবে। যে তিনটি ইউনিয়ন এখনও টিসিবি এর তালিকা দিতে পারে নাই, তাদেরকে কারণ দর্শানো হোক। | সহকারী প্রোগ্রার আইসিটি, ইউপি চেয়ারম্যান, সকল অফিস প্রধানগণ ও সংশ্লিষ্ট সকল |
| ১৯. | সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, ২০২৪-২৫ অর্থ বছরে ৪টি আশ্রয়ন প্রকল্পে প্রশিক্ষণ দেয়া হবে। ১টি দেয়া হয়েছে। | আগামী জুনের মধ্যে প্রশিক্ষণ সমূহ সমাপ্ত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ২০. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল |
| ২১. | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভাকে জানান, উঠান বৈঠক নিয়মিত করা হচ্ছে। বর্তমানে উঠান বৈঠকের বরাদ্দ পাওয়া গিয়েছে। সকলের সহযোগিতায় স্থান নির্বাচন করে সরকারী কার্যক্রম গ্রামীণ পর্যায়ের নারীদের প্রশিক্ষণ দেয়া হবে। কোথাও কোন উদ্যোক্তা তাদের উৎপন্ন দ্রব্য বিক্রয়ে সমস্যা মনে করলে আমাদের কাছে আসলে আমরা তা বিক্রয় করার ব্যবস্থা গ্রহণ করবো। | উঠান বৈঠক নিয়মিত পরিচালনা করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২. | (বিএডিসি ক্ষুদ্র সেচ) | উপজেলা (বিএডিসি ক্ষুদ্র সেচ) সভায় জানান, ক্ষুদ্র সেচের লাইসেন্স প্রদানের বিষয়ে সরেজমিন তদন্ত পূর্বক লাইসেন্স প্রদান করা হচ্ছে।' | ক্ষুদ্র সেচের লাইসেন্স প্রদানের বিষয়ে সরেজমিন তদন্ত পূর্বক লাইসেন্স প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ) |
| ২৩. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না | আগামী সভায় উপস্তিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিষদ |
| ২৪. | উপজেলা পরিষদ | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান- সুন্দরগঞ্জ উপজেলাকে একটি আধুনিক উপজেলায় রুপান্তর করতে সকলের সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি সভায় জানান এ বছর বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলে (ADP) ২৭,২৮,০০০/- টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে। এছাড়া রাজস্ব উন্নয়ন তহবিলে গত অর্থ বছরের অব্যয়িত ২১,০০,০০০/- টাকা এবং ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব তহবিলের অব্যয়িত ১,৪০,০০,০০০/- টাকা জমা করায় রাজস্ব উন্নয়ন সহায়তা তহবিলে মোট ১,৬১,০০,০০০/- টাকা সংরক্ষিত রয়েছে। উক্ত টাকার বিপরীতে প্রকল্প গ্রহন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে প্রকল্প দাখিল করার জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান ও সংশ্লিস্ট সকল |
| ২৫. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। তিনি সভাকে জানান এডিপির বরাদ্দ পাওয়া গিয়েছে। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করেন। উন্নয়ন কর্তৃপক্ষের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার অনুমোদন এবং ভবনের গুনগতমান নির্ধারণ সংক্রান্ত সভা ২৫/১২/২০২৪ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ০৫টি আবেদন নকশা অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি সভায় আরো জানান, সুন্দরগঞ্জ হতে বেলকা নবাবগঞ্জ যাওয়ার রাস্তায় তিস্তা ব্রীজটি বর্তমানে খুবই ঝুকিপুর্ণ। জরুরী ভিত্তিতে ব্রীজটি পুনঃনির্মাণ করা প্রয়োজন। এছাড়া বামননডাঙ্গা ইউনিয়নের সাতগিরী-মির্জাপুর সংযোগস্থলে একটি ব্রীজ নির্মাণের জন্য জরিপ কাজ চলছে। খুব তাড়াতাড়ি উক্ত ব্রীজ নির্মাণের বরাদ্দ পাওয়া যাবে বলে আমরা আশাবাদি। তিনি সভায় অত্র উপজেলার নতুনভাবে নির্মিত কিছু রাস্তা আইডি নম্বর ও নাম করনের প্রস্তাব করেন। (সংযুক্তি-গ) | এডিপি প্রকল্প যথাসময়ে দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। যথাসময়ে এডিপি প্রস্তাব সংগ্রহ করে উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |

**০৪/১১/২০২৪ হতে ২৫/১১/২০২৪ পর্যন্ত সময়ে উপজেলা পরিষদের ব্যয়সমূহ ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১ | নভেম্বর - ২৪ মাসের উপজেলা পরিষদে দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত ২ জন শ্রমিকের (পরিচ্ছন্নতা কর্মী ও মালী) মজুরী বাবদ ব্যয় | ঃ | ২৩,০০০/- |
| ২ | নভেম্বর-২৪ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুসাঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ৩৫,০০০/- |

| | | | |
|---|---|---|---|
| ৩ | নভেম্বর - ২৪ মাসের অপ্রত্যাশিতখাত | ঃ | ১৩,০০০/- |
| ৪ | সেপ্টেম্বর ও অক্টোবর-২৪ মাসের জ্বালানী বিল (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ৪১,৩৩১/- |
| ৫ | অক্টোবর ও নভেম্বর-২৪ মাসের নিরাপত্তা খাতে ব্যয় | ঃ | ২০,০০০/- |
| ৬ | অক্টোবর ও নভেম্বর-২৪ মাসের বজ্য ব্যবস্থাপনা খাতে ব্যয় | ঃ | ২৪,০০০/- |
| ৭ | কম্পিউটার সামগ্রী ক্রয় বাবদ ব্যয় (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ২৫,০০০/- |

বিস্তারিত আলোচনার পর বর্ণিত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভা পরিচালনায় সহযোগিতা প্রদানে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি-সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১১/২০২৪

(মোঃ নাজির হোসেন)
প্রশাসক
উপজেলা পরিষদ
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৩২৯১.০১১.০১.০০২.২০১৫- ৮৭২

তারিখ ঃ ১০ অগ্রহায়ণ ১৪৩১
২৫ নভেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার , গাইবান্ধা ।
০৫। উপজেলা . . . . . . . . . . . . . . অফিসার (সকল) সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
০৬। চেয়ারম্যান, . . . . . . . . . . ইউপি (সকল), সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
০৭। অফিস কপি।

২৫/১১/২০২৪

(মোঃ নাজির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোন ঃ ০২৫৮৯৯৮৩৮০২
unosundarganj@mopa.gov.bd